গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা শাখা।

নং স্বাপকম/চিশিক্ষা/বেসকে-০১/২০০৪-৫৬৯ তারিখ ঃ ০১-০৭-২০০৪ইং

বিষয় ঃ বেসরকারী পর্যায়ে ইউনানী / আয়ুর্বেদিক কলেজ (ডিপ্লোমা) স্থাপনের নীতিমালা।

১. উদ্যোক্তা/উদ্যোক্তাগণকে বোর্ড এর রেজিস্ট্রার বরাবরে বোর্ডের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

২. প্রতিষ্ঠানের নিজস্ব গঠনতন্ত্র থাকবে,যাহা সোসাইটিজ এ্যাক্ট ১৮৬০-এর অধীন নিবন্ধিত হবে।

৩. গঠনতন্ত্রে বর্ণিত নিয়মমাফিক গঠিত একটি ব্যবস্থাপনা কমিটির পরিচালনাধীন প্রতিষ্ঠানটি পরিচালিত হবে। ব্যবস্থাপনা কমিটির গঠন প্রক্রিয়ায় নিম্নোক্ত বিধান রাখতে হবেঃ

(ক) ব্যবস্থাপনা কমিটির মোট সদস্য সংখ্যা ১১ জনের কম এবং ১৫ জনের বেশী হবে না।
(খ) ব্যবস্থাপনা কমিটিতে চেয়ারম্যান হবেন স্থানীয় জেলা প্রশাসক / পৌরসভার চেয়ারম্যান/ স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা তবে প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা অথবা তার পরিবারের কোন সুযোগ্য সদস্য সক্ষম হলে কমিটির চেয়ারম্যান থাকতে পারবেন।
(গ) ব্যবস্থাপনা কমিটিতে বোর্ড কর্তৃক মনোনীত একজন এ ক্যাটাগরী ইউনানী/আয়ুর্বেদিক চিকিৎসক প্রতিনিধি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি থাকবে।

৪. নিজ নামে প্রতিষ্ঠানের নামকরণ করতে হলে প্রতিষ্ঠানের অনুকূলে উক্ত ব্যক্তিকে নগদ বা সম্পদের মাধ্যমে কমপক্ষে পঁচিশ লক্ষ টাকা দান করতে হবে।

৫. প্রতিষ্ঠানের নামে কোন তফসিলি ব্যাংকে এক লক্ষ টাকা ফিক্সড ডিপোজিট রাখতে হবে। এ তহবিল পাঁচ বছরের মধ্যে উত্তোলন করা যাবে না। পরবর্তীতে সংরক্ষিত তহবিল থেকে টাকা উত্তোলনের জন্য বোর্ডের পূর্ব অনুমোদন লাগবে। সংরক্ষিত তহবিলে রক্ষিত টাকার প্রতি বছরের প্রাপ্ত সুদ প্রয়োজন অনুযায়ী উত্তোলন করে প্রতিষ্ঠানের বিভিন্ন উন্নয়ন মূলক কাজে ব্যয় করা যাবে।

৬. প্রতিষ্ঠানটি হবে সার্বক্ষনিক এবং সংশ্লিষ্ট পাঠক্রমে শিক্ষাদানের জন্য প্রতিষ্ঠানটিতে অন্ততঃ সাত জন যোগ্যতা সম্পন্ন নিয়মিত শিক্ষকের ব্যবস্থা থাকতে হবে এবং বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচী মোতাবেক শিক্ষাকার্যক্রম চালাতে হবে।

৭.প্রতিষ্ঠানের নিজস্ব জমি থাকতে হবে। মেট্রোপলিটন শহরে ১০ শতাংশ অন্যান্য জেলা শহরে ১৫ শতাংশ এবং অন্যান্য সকল ক্ষেত্রে ৩০ শতাংশ জমি থাকতে হবে।

৮. যে ভবনে কলেজের কার্যক্রম চলবে সেখানে ব্যবহারযোগ্য অন্ততঃ পাঁচ হাজার বর্গফুট স্থান থাকবে।

৯. নতুন প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকালে অন্ততঃ পাঁচ হাজার বর্গফুট ব্যবহারযোগ্য স্থান সম্বলিত ভাড়াটে ভবনে কার্যক্রম শুরু করা যাবে। তবে,স্বীকৃতি প্রাপ্তির ০২(দুই) বছরের মধ্যে নিজস্ব ভবনে কার্যক্রম স্থানান্তর করতে হবে এবং এই মর্মে অংগীকার পত্র প্রদান করতে হবে।

১০. পাঠ্যক্রমের বিষয়ভিত্তিক প্রত্যেক বিষয়ের পর্যাপ্ত পাঠ্যবই সম্বলিত লাইব্রেরী থাকতে হবে। লাইব্রেরীতে ছাত্র/ ছাত্রীর সংখ্যা অনুপাতে মানসম্মত পড়াশুনার ব্যবস্থা থাকতে হবে।

১১. উপযুক্তভাবে সজ্জিত গবেষণাগার ও বহির্বিভাগীয় চিকিৎসা কেন্দ্র থাকবে,যেখানে ব্যবহারিক শিক্ষাদানের ব্যবস্থা --- বিদ্যমান রাখতে হবে।

চলমান পাতা-২

১২. ঔষধি উদ্ভিদ সম্বলিত একটি মান সম্পন্ন বাগান প্রতিষ্ঠা করতে হবে।

১৩. প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ সুবিধার ভিত্তিতে ছাত্র ভর্তির সংখ্যা বোর্ড নির্ধারণ করবে। মেধাবী অথচ দরিদ্র শিক্ষার্থীদের সহায়তা দানের লক্ষ্যে দরিদ্র তহবিলের ব্যবস্থা রাখতে হবে। প্রতিষ্ঠানে ভর্তির যোগ্যতা ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড কর্তৃক নির্ধারিত যোগ্যতা অনুযায়ী হবে।

১৪. প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রাপ্তির সময়ে প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের অবকাঠামো এবং নিয়োগ বিধি বোর্ড কর্তৃক অনুমোদন নিতে হবে এবং এ বিষয়ে মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে।

১৫. নিয়মিতভাবে প্রতিষ্ঠানের হিসাব ও শিক্ষক-কর্মচারীদের হাজিরা সংরক্ষণ করতে হবে।

১৬. শিক্ষক-কর্মচারীদের হাজিরা এবং বহিঃ বিভাগীয় চিকিৎসা কেন্দ্রের কার্যক্রম রিপোর্ট প্রতি তিন মাস অন্তর বোর্ডে পেশ করতে হবে।

১৭. রেজিষ্টার্ড চার্টার্ড এ্যাকাউন্টেন্ট ফার্ম দ্বারা প্রতি আর্থিক বছরের হিসাব অডিট করাতে হবে এবং অর্থ বছর শেষে ছয় মাসের মধ্যে অডিট রিপোর্ট বোর্ডে পেশ করতে হবে। এ সংক্রান্ত অডিট ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পরিশোধ করবে।

১৮. নতুন প্রতিষ্ঠানের স্বীকৃতি ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অন্তবর্তীকালীন স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফিসহ স্বীকৃতি নবায়নের আবেদন বোর্ডের রেজিষ্ট্রার বরাবরে দাখিল করতে হবে।

১৯. ইউনানী / আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা ক্ষেত্রে শিক্ষক নিয়োগের শর্তাবলীসহ অন্যান্য সকল সংশ্লিষ্ট বিষয়ে বোর্ডের প্রবিধানমালায় বর্ণিত নিয়মাবলী ও শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২০. বেসরকারি ইউনানী / আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে কিনা তা মন্ত্রণালয় ও বোর্ডের প্রতিনিধিদের সমম্বয়ে গঠিত পরিদর্শন টীম কর্তৃক বছরে অন্ততঃ একবার পরিদর্শন করতে হবে।

২১. বিবিধ ঃ-

(ক) বেসরকারি ইউনানী / আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের জন্য কোন বৈদেশীক প্রতিষ্ঠান বা দাতা সংস্থার নিকট থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করা যাবে। তবে এ ক্ষেত্রে সরকারের পূর্ব অনুমতি গ্রহণ করতে হবে।

(খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় যে কোন সময় বাস্তব প্রয়োজনে এবং সময়ের চাহিদা মিটানোর জন্য এই নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবে।

(গ) এই নীতিমালার পরিপন্থী বিবেচিত হলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় যে কোন বেসরকারি ইউনানী / আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন বাতিলের জন্য ১৯৮৩ সালের ৩২ নং অধ্যাদেশ এর বিধান অনুসারে কার্যক্রম গ্রহণ করতে পারবে।

(ঘ) ইতোমধ্যে স্থাপিত / অনুমোদন প্রাপ্ত সকল বেসরকারি বেসরকারি ইউনানী / আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান এই নীতিমালার আওতাভূক্ত বলে গণ্য হবে।

৩১/৭/০৪

(মোহাম্মদ আবু বকর সিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৮৬১৯৭০০

চলমান পাতা-৩

নং স্বাপকম/চিশিক্ষ/কেসমেক-০১/২০০৪-৫৬৯/৮ তারিখ : ০১-০৭-২০০৪ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও চেয়ারম্যান বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ঢাকা।
৩. যুগ্ম-সচিব (সমন্বয়) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. উপ-সচিব (চিশিক্ষ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. পরিচালক ( দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ৭৫/বি, ইন্দিরা রোড, তেজগাঁও, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০১/৭/০৪
(মোহাম্মদ আবু বকর সিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং-৮৬১৯৭৩০

নং স্বাপকম/চিশিক্ষ/কেসমেক-০১/২০০৪-৫৬৯/৮(৪) তারিখ : ০১-০৭-২০০৪ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হইল :-

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

০১/৭/০৪
(মোহাম্মদ আবু বকর সিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব